

উচ্চশিক্ষা

শিক্ষকদের জন্য এআই প্রশিক্ষণ, ৮ এপ্রিলের মধ্যে তথ্য আহ্বান

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ০৭ এপ্রিল ২০২৬, ১১: ০৩



ফাইল ছবি

আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (এআই) বিষয়ে প্রশিক্ষণ নিতে আগ্রহী স্কুল-কলেজের শিক্ষকদের তথ্য আহ্বান করা হয়েছে। ৮ এপ্রিলের মধ্যে নির্ধারিত গুগল ফরমে এ তথ্য দিতে হবে। গতকাল সোমবার মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি) শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান ও সংশ্লিষ্ট ব্যক্তিদের এ-সংক্রান্ত একটি চিঠি পাঠিয়েছে।

চিঠিতে বলা হয়েছে, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের উদ্যোগে এবং এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রামের কারিগরি সহায়তায় মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের শিক্ষায় কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) বিষয়ে মাস্টার ট্রেনার পুল তৈরির জন্য শিক্ষকদের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হতে যাচ্ছে। প্রশিক্ষণ কার্যক্রমে ৪টি ব্যাচে মোট (৪*২৫) =

১০০ জন কলেজ ও বিদ্যালয়ের শিক্ষককে প্রশিক্ষণ দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়। ৩ দিনব্যাপী এ প্রশিক্ষণ কার্যক্রম শুরুর সম্ভাব্য তারিখ ১৫ এপ্রিল। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের আওতাধীন সব কলেজ-বিদ্যালয়ের শিক্ষকদের নিচে উল্লেখিত শর্তে ৮ এপ্রিলের মধ্যে [লিংকের](https://forms.gle/8kTzAgDeB46d37N19) (https://forms.gle/8kTzAgDeB46d37N19) গুগল ফরমে তথ্য পাঠানোর জন্য বলা হলো।

যাঁরা আবেদন করতে পারবেন

- যাঁদের কমপক্ষে ২১ দিনের আইসিটি-বিষয়ক প্রশিক্ষণ আছে
- যাঁদের ডিজিটাল কনটেন্টের ওপর কমপক্ষে ১৫ দিনের প্রশিক্ষণ আছে
- যাঁদের আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের ওপর প্রশিক্ষণ আছে
- যাঁদের আইসিটি বিষয়ে কমপক্ষে ১ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা আছে।

